

বিষয়ঃ নিলাম বিজ্ঞপ্তি।

জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বগুড়া জেলা অফিসের অত্রসাথ সংযুক্ত তালিকা মোতাবেক পুরাতন, নষ্ট আসবাবপত্র যেখানে যে অবস্থায় আছে তা প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয়ের জন্য আগামী ২৭/০৭/২০২২ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকায় জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বগুড়ার সাবেক ভাড়া অফিস গৃহ যার ঠিকানা প্রযত্নে- জনাব মোঃ মাহবুবুর রহমান (নিলু মন্ডল), হোল্ডিং নম্বর-৪৪৩, ঠনঠনিয়া(শাহাপাড়া), বগুড়ায় অনুষ্ঠিত হবে এবং ঐদিন বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত নিলাম ডাক চলবে।

শর্তবলী :

০১। নিলাম ডাককারীকে আগামী ২৭/০৭/২০২২ খ্রিঃ তারিখে সকাল ১১.৩০ ঘটিকার পূর্বে উক্ত ঠিকানায় হাজির হয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।

০২। নিলাম ডাক আরম্ভ হওয়ার সময় অর্থাৎ ১১.৩০ ঘটিকার পূর্বেই নিলাম ডাককারীগণকে ৫০০(পাঁচ শত) টাকা (ফেরত যোগ্য) জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বগুড়া বরাবর ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে সিকিউরিটি হিসাবে জমা প্রদান পূর্বক নিজ নিজ নাম ও ঠিকানা নিলাম কমিটির নিকট লিপিবদ্ধ করতে হবে।

০৩। নির্ধারিত সময়ের পর কোন ডাককারীর জামানত গ্রহণ করা হবে না এবং জামানত ব্যতিরেকে কেউ নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবে না।

০৪। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ তালিকায় উল্লেখিত আসবাবপত্রগুলো জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বাংলাদেশ ব্যাংক ভবন, বগুড়া এর সাথে যোগাযোগপূর্বক দেখতে পারবেন।


০৫। গৃহীত সর্বোচ্চ নিলাম ডাককারীকে সরকারী বিধি মোতাবেক নিলাম ডাকের মাধ্যমে মোট অর্থের ৫% হারে উৎসে আয়কর ও ১০% ভ্যাটসহ নিলাম ডাকের সমুদয় অর্থ (নগদ) ৭(সাত) দিনের মধ্যে জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বাংলাদেশ ব্যাংক ভবন, বগুড়া এর নিকট জমা দিতে হবে।

০৬। কার্যাদেশ প্রদানের ৭(সাত) দিনের মধ্যে নষ্ট আসবাবপত্রগুলো জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, বগুড়া এর সাবেক ভাড়া অফিস গৃহ যার ঠিকানা- প্রযত্নে- জনাব মোঃ মাহবুবুর রহমান (নিলু মন্ডল), হোল্ডিং নম্বর-৪৪৩, ঠনঠনিয়া(শাহাপাড়া), বগুড়া হতে অপসারণ করতে হবে।

০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিলাম কমিটি যে কোন নিলাম ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৯। অনিবার্য কারণবশতঃ নিলাম ডাকের তারিখ ও সময় পরিবর্তন হতে পারে।



হোসনে আরা বেগম

সহকারী পরিচালক

জেলা সঞ্চয় অফিস/ব্যুরো

বগুড়া।

তারিখ : ১৮/০৭/২০২২ খ্রিঃ।

স্মারক নং-০৮.০৪.০০১০.০০০.০৬.০৯৩.১৯/ ২৫০

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। মহা পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০২। উপ পরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

অনুলিপি বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। জেলা প্রশাসক, বগুড়া।

০২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, বগুড়া।

০৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বগুড়া।

০৪। সভাপতি, প্রেস ক্লাব, বগুড়া।

০৫। নোটিশ বোর্ড/অফিস কপি।



হোসনে আরা বেগম

সহকারী পরিচালক

জেলা সঞ্চয় অফিস/ব্যুরো